

QP Code : 18UT14EBG3

স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৭ ও জুন, ২০১৮

ঐচ্ছিক পাঠক্রম

বাংলা (Bengali)

তৃতীয় পত্র

Kabya : Prachin O Adhunik : EBG-3

সময় : চার ঘণ্টা

পূর্ণমান : ১০০

মানের গুরুত্ব : ৭০%

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।

অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর

কেটে নেওয়া হবে। উপাত্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

১। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) :

২০ × ২ = ৪০

(ক) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের কাব্যমূল্য ও নাট্যমূল্য উদাহরণসহ বিশ্লেষণ করুন।

(খ) গোবিন্দদাসকে 'দ্বিতীয় বিদ্যাপতি' বলা হয় কেন ? এ বিষয়ে বিস্তৃতভাবে আলোচনা করুন।

B.A.-11360-W

[পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য

QP Code : 18UT14EBG3 2

(গ) 'শঙ্খ' কবিতায় কবি রবীন্দ্রনাথের আত্মসমীক্ষার পাশাপাশি যৌবনের দুরন্ত প্রাণশক্তির আহ্বান ও মানবাত্মার যে জয়ধ্বনি ঘোষিত হয়েছে তার আলোচনা করুন। ৫ + ১৫

(ঘ) জীবনানন্দ দাশের 'বনলতা সেন' কবিতার বিশ্লেষণ ও ব্যাখ্যা করে এই কবির কালচেতনা ও মৃত্যুচেতনার পরিচয় দিন।

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) :

১২ × ৩ = ৩৬

(ক) চর্যাপদের আদি কবি কে ? 'চর্যার্চ্য বিনিশ্চয়'-এ তাঁর ক'টি পদ পাওয়া যায় ? পদকর্তা ও তাঁর প্রথম পদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করুন। ১ + ১ + ৫ + ৫

(খ) রামায়ণের 'অরণ্যকাণ্ড' অবলম্বনে অত্রি মুনির আশ্রমে মুনিপত্নীর সঙ্গে সীতার কথোপকথন অংশটি সংক্ষেপে বর্ণনা করুন।

(গ) 'চৈতন্যভাগবতের' আদিখণ্ডের চতুর্থ অধ্যায়ে চৈতন্যদেবের বাল্যলীলার যে বর্ণনা আছে তার পরিচয় দিন।

(ঘ) বিংশ শতাব্দীর আধুনিক কবিতার রূপগত বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে বর্ণনা করুন।

B.A.-11360-W

- (ঙ) 'মেঘনাদবধ' কাব্যের রস বিচার করুন।
- (চ) 'গানের আড়াল' কবিতায় বিরহ-মেদুর হৃদয়ের যে রোমান্টিক বিষণ্ণতার ছায়াপাত ঘটেছে সে সম্পর্কে আলোচনা করুন।
- ৩। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১০০ শব্দে) :
- ৬ × ৪ = ২৪
- (ক) ব্যাকরণগত বৈশিষ্ট্য আলোচনা করুন :
- সাঁঝ, পইঠো, ষামাঅ (চর্যাপদ) ২ × ৩
- (খ) 'যবেঁ ডুবিআঁ মরোঁ যমুনা তরঙ্গে।
তবে লায়িবোঁ গিআঁ কাহের সঙ্গে।।'
— কে, কাকে কথাটি বলেছে ? এখানে বক্তার কোন্ মানসিক অবস্থা প্রকাশ পেয়েছে ? ১ + ১ + ৪
- (গ) 'ব্রজবুলি' ভাষা সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা করুন।
- (ঘ) 'রামের মহিষী — সীতা সাক্ষাৎ পদ্মিনী।
ত্রৈলোক্য মোহিনীরূপে পরমা কামিনী।।'
— কার উক্তি ? কার কাছে, কার রূপ, কীভাবে বর্ণিত হয়েছে ? ১ + ১ + ১ + ৩
- (ঙ) কাব্যে অলংকার সংযোজনের তাৎপর্য কী ?
- (চ) শোক কাব্য কাকে বলে ? এই শ্রেণির কাব্য সম্পর্কে উদাহরণসহ সংক্ষেপে আলোচনা করুন। ২ + ৪

- (ছ) 'নাহি কাজ সীতায় উদ্ধারি' — কথাটি কে বলেছেন ? কেন বলেছেন ? বক্তা সম্পর্কে আপনার ধারণা সংক্ষেপে লিখুন। ১ + ১ + ৪
- (জ) 'অর্ধেক তার করিয়াছে নারী, অর্ধেক তার নর।'
— কে, কোন্ কবিতায় একথা লিখেছেন ? পঙক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ১ + ৪